

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫-২৫৭

তারিখ : ২০-০৩-২০১৬ খ্রিঃ

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাস্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের অধীনে কম্পিউটার ভ্যানে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি দ্রুততম সময়ের মধ্যে আপনার জেলার মুজিবনগর উপজেলায় শুরু হবে। এক মাসের কোর্সটি প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১টা - বিকাল ৫টা) ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক যুবক ও যুব মহিলা (এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলা) প্রতিটি ব্যাচে প্রশিক্ষার্থীদের সংখ্যা ৪০ জন। গত ১৪-০৭-২০১৫ তারিখ ৩৪.০১.০০০০.০৪০. ৪৩.৩৬.২০১৫-০৬ সংখ্যক পত্রে প্রকল্পের পরিচিতি ও প্রশিক্ষণ বিষয়ে সার্বিক দিক নির্দেশনা দিয়ে প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রস্তুতির অনুরোধ জানানো হয়েছিল।

প্রশিক্ষণ শুরুর নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষার্থী মনোনয়ন-প্রস্তাব সংশ্লিষ্ট উপ-পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ এবং আইসিটি ট্রেনিং ভ্যানটি এক মাসের জন্য একটি সুবিধাজনক স্থানে (যেখান থেকে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) ও নিরাপত্তা বেষ্টিত মध्ये রাখার বিষয়ে উল্লেখিত পত্রে নির্দেশনা দেয়া হয়েছিল। আপনার জেলার মুজিবনগর উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের আয়োজনে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক প্রস্তুতির অগ্রগতি জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আবুল হাছান খান)

যুগ্ম-সচিব

প্রকল্প পরিচালক (অঃ দাঃ)

টেকাব প্রকল্প

ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

মেহেরপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা।
- ০২। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০৪। পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৫। উপজেলা চেয়ারম্যান, মুজিবনগর, মেহেরপুর।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।